



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিগঞ্জ, সাতক্ষীরা
Kaliganj.satkhira.gov.bd

ক্লিন সাতক্ষীরা
শ্রীন সাতক্ষীরা

নং : ০৫.৪৪.৮৭৪৭.০০০.২৬.০১৯.১৯- ৪২ (যুক্ত)

তারিখ : ১২-০১-২০২০ খ্রিঃ।

মুজিব বর্ষ ২০২০ উপলক্ষে কালিগঞ্জ উপজেলাবাসীকে ইকোপার্ক উপহার দেয়ার লক্ষ্যে

বিষয় : যমুনা নদী/ খালের দু'পারে অবৈধ দখলদার উচ্ছেদসহ সুন্দরবনে ভ্রমণকারী পর্যটকদের ভ্রমণ পূর্ব প্রস্তুতির লক্ষ্যে ইকোপার্ক নির্মাণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন ৩ (তিন) টি ইউনিয়ন ব্যাপী ৮ (আট) কিলোমিটার দীর্ঘ যমুনা নদী / খাল রয়েছে। এটি অত্যন্ত মনোরম এবং সুন্দরবন ভ্রমণের প্রাক্কালে পূর্ব প্রস্তুতি/ বিশ্রাম গ্রহণের স্থান হিসেবে বিবেচনা করা সহ এর দু'পাশে ইকোপার্ক স্থাপন করা যেতে পারে। কালিগঞ্জ উপজেলা পরিষদের ৩১/১০/২০১৯ তারিখের সভায় এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে (সভার কার্যবিবরণী সংযুক্ত)। সে লক্ষ্যে যমুনা নদী / খালের পাশে অবৈধ দখলদার উচ্ছেদসহ ইকোপার্ক নির্মাণের লক্ষ্যে নিম্নোক্ত ০৩ (তিন) টি কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের মাধ্যমে যমুনা নদী/ খালের দু'পাশ হতে অবৈধ দখল উচ্ছেদ করার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা যেতে পারে। উল্লেখ্য পানি সম্পদ মন্ত্রণালয় ইতোমধ্যে এ জেলায় ১ টি নদীকে দখলদার মুক্ত করার জন্য তালিকা চেয়েছেন। সেখানে যমুনা নদীর/ খালের তালিকা প্রেরণ করা যেতে পারে (অবৈধ দখলদারদের তালিকা সংযুক্তি-০১)। উল্লেখ্য উচ্ছেদের পূর্বেই এ পত্রের ৩ নং অনুচ্ছেদ অনুযায়ী পুনর্বাসন কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন।
- ২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী মুজিব বর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে যমুনা নদী / খালের দু'পাশে ইকোপার্ক নির্মাণের নিমিত্ত বাজেট বরাদ্দের জন্য চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে। উল্লেখ্য ট্যুরিজম বোর্ড হতে এ বিষয়ে মহাপরিচালনা প্রণয়নের কার্যক্রম গৃহীত হয়েছে (সংযুক্তি-০২)।
- ৩। যমুনা নদী / খালের দু'পাড় হতে উচ্ছেদকৃত মানুষদের পুনর্বাসনের জন্য প্রকল্প পরিচালক, আশ্রয়ন-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

এমতাবস্থায় বর্ণিত বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষকে এ সংক্রান্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত অনুরোধ জানাতে আপনাকে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ২৯ (উনত্রিশ) ফর্দ।

জেলা প্রশাসক
সাতক্ষীরা

মোঃ মোজাম্মেল হক রাসেল
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

নং : ০৫.৪৪.৮৭৪৭.০০০.২৬.০১৯.১৯- ৪২ (যুক্ত)/১(২২)

তারিখ : ১২-০১-২০২০ খ্রিঃ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। মাননীয় সংসদ সদস্য, ১০৭-সাতক্ষীরা-৩/ ১০৮-সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা / পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, বিল্ডিং-২, লেভেল-৩, বিএসএল অফিস কমপ্লেক্স, ০১ মিটো রোড, ঢাকা
- ৪। জনাব সৈয়দ নাসির এরশাদ, যুগ্মসচিব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ফোকাল পয়েন্ট, ৫ম তলা, আন্তর্জাতিক মার্ভাভাষা ইনস্টিটিউট ভবন, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
- ৫। মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
- ৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
- ৮। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
- ৯। চেয়ারম্যান ----- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা